গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রকল্প বাস্তবায়ন ইউনিট (পিআইইউ)
ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-
ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২) (১ম সংশোধিত)
কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা-১২১৫।
Website: www.natp2dae.gov.bd

"কৃষিই সমৃদ্ধি"

নং-১২.০১.০০০০.০৪০.৩৬.১৬২.১৮-৮৫৯

তারিখ: ২৪.১০.২০২১ খ্রি.

# বিজ্ঞপ্তি

**বিষয়: ২০২১-২২ অর্থ বছরে এগ্রিকালচারাল ইনোভেশন ফান্ড-২ (এআইএফ-২) ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প প্রস্তাব (৬ষ্ঠ) আহ্বান।**

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়/অধিদপ্তর | কৃষি মন্ত্রণালয়/কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (ডিএই)। |
| ২ | বাস্তবায়নকারী | প্রকল্প বাস্তবায়ন ইউনিট, ন্যাশনাল এগ্রিকালচারাল টেকনোলজি প্রোগ্রাম-ফেজ II প্রজেক্ট (এনএটিপি-২), কৃষি সম্প্রসারণ অধিদপ্তর (পিআইইউ, এনএটিপি-২, ডিএই), ১ম বিল্ডিং, ৬ষ্ঠ তলা, খামারবাড়ি, ফার্মগেট, ঢাকা। |
| ৩ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট পরিচিতি | কৃষির উৎপাদনশীলতা বৃদ্ধি এবং ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের বাজার প্রবেশাধিকার সহজীকরণ/উন্নয়নের লক্ষ্যে বিশ্ব ব্যাংকের সহায়তায় গৃহীত একটি প্রকল্প-**"এনএটিপি-২"**। এ প্রকল্পে আওতাধীন সকল মাঠ কার্যক্রমের মূল চালিকাশক্তি হলো ক্ষুদ্র ও প্রান্তিক কৃষকদের (৮০%) সমন্বয়ে গঠিত "কমন ইন্টারেস্ট গ্রুপ (সিআইজি)"। প্রকল্পে যোগ্যতাসম্পন্ন সিআইজিসমূহেকে প্রণোদনা হিসেবে সরাসরি সহায়তা প্রদানের নিমিত্ত একটি অফেরৎযোগ্য ও অংশগ্রহণমূলক তহবিলের সংস্থান রাখা হয়েছে, এ তহবিলটিই- **এআইএফ-২।** |
| ৪ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উদ্দেশ্য | • সিআইজি-সমূহের সক্ষমতা, দক্ষতা ও কর্মক্ষমতা উন্নয়ন এবং প্রযুক্তি বিস্তার কার্যক্রম শক্তিশালীকরণের মাধ্যমে উৎপাদনশীলতা বৃদ্ধি করা।<br>• সম্পদ সৃষ্টি ও গঠনের মাধ্যমে সিআইজি-সমূহের স্থায়িত্বশীলতা অর্জন।<br>• বাজার সুবিধার সাথে সুদৃঢ় সংযোগ সাধনের ক্ষেত্রে সিআইজি ও প্রডিউসার অর্গানাইজেশন (পিও) সমূহকে উৎসাহিত করা। |
| ৫ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট কর্ম এলাকা | • প্রকল্পভুক্ত ৫৭টি জেলার ২৭০টি উপজেলাস্থ যোগ্যতাসম্পন্ন সিআইজিসমূহ। |
| ৬ | গ্রান্ট গ্রহণেচ্ছু সিআইজি'র যোগ্যতার মানদন্ড/মাপকাঠি | • ব্যালেন্স স্কোর কার্ড (বিএসসি) মূল্যায়নে সিআইজিসমূহকে "এ" বা "বি" গ্রেড প্রাপ্ত হতে হবে<br>• নিয়মিত সঞ্চয় কার্যক্রম ও ব্যাংক একাউন্ট পরিচালনাসহ অন্যান্য কার্যক্রমে সিআইজি-সমূহকে উত্তম মানসম্পন্ন ও উৎসাহী হতে হবে। |
| ৭ | এআইএফ-২ উপপ্রকল্পে ম্যাচিং গ্রান্টের পরিমান | • মোট উপ-প্রকল্প ব্যয়ের ৭০% হিসাবে সর্বোচ্চ ৩ লক্ষ ৮৭ হাজার টাকা; এবং উপ-প্রকল্প ব্যয়ের অবশিষ্ট ৩০% অর্থ সিআইজি'র নিজস্ব সঞ্চয়, কোন সিআইজি ৩০% এর অধিক অর্থ ব্যয়ে সক্ষম হলেও ম্যাচিং গ্রান্টের পরিমাণ সর্বোচ্চ ৩ লক্ষ ৮৭ হাজার টাকা অতিক্রম করবে না। |
| ৮ | প্রযোজ্য শর্তাবলী | • কেবল যোগ্যতাসম্পন্ন সিআইজিসমূহ এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট /অনুদান প্রাপ্তির আওতায় আসবে, সিআইজির'র কোন একক সদস্য নহেন।<br>• মোট উপ-প্রকল্প ব্যয়ের ন্যূনতম ৩০% অর্থ সিআইজি'র ব্যাংক একাউন্টে সঞ্চয় হিসেবে থাকতে হবে।<br>• সিআইজি'র ব্যাংক একাউন্টে সঞ্চয়কৃত অর্থের পরিপূরক/অংশ হিসেবেই কেবল গ্রান্ট মঞ্জুর করা হবে এআইএফ-২ ম্যাচিং গ্রান্টের জন্য মহিলা সিআইজিসমূহকে বিশেষভাবে বিবেচনা করা হবে দীর্ঘ সময় ব্যাপী অধিক উৎপাদন ও আয় বর্ধনমূলক কার্যক্রমের মাধ্যমে টেকসই উৎপাদন ও বাজার ব্যবস্থায় সক্ষম-এমন উপ-প্রকল্পসমূহ গ্রান্ট/অনুদানের জন্য বিবেচনা করা হবে।<br>• কোন একটি সিআইজি প্রকল্প মেয়াদে একবারই এআইএফ-২ ম্যাচিং গ্রান্টের জন্য বিবেচনা করা হবে<br>• প্রতিযোগিতামূলক যাচাই, বাছাই ও মূল্যায়নের মাধ্যমে কেবল অনুমোদিত উপ-প্রকল্পসমূহকে ম্যাচিং গ্রান্ট/অনুদান সহায়তা দেয়া হবে।<br>• অপারেটটিং, রক্ষণাবেক্ষণ এবং অন্যান্য পৌনঃপুনিক ব্যয় (recurrent cost) ম্যাচিং গ্রান্ট হতে প্রদান করা হবে না।<br>• গ্রান্ট/অনুদানের জন্য নির্বাচিত সিআইজিসমূহকে প্রকল্প আরোপিত শর্তাবলির আলোকে অঙ্গীকারনামা সম্পাদন করতে হবে।<br>• যে সকল উপ-প্রকল্প প্রস্তাব সামাজিক ও পরিবেশ সুরক্ষায় নেতিবাচক প্রভাব সৃষ্টি করতে পারে সে সকল প্রস্তাবনার অনুকূলে এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট মঞ্জুর করা হবে না।<br>• পরিবীক্ষণ ও মূল্যায়ন : প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ, ডিএই এর কর্মকর্তাবৃন্দ, ফার্ম ও কমিশন কর্তৃক উপ-প্রকল্পের কার্যাদি নিয়মিত পরিবীক্ষণ ও মূল্যায়ন করা হবে। |

| | | |
|---|---|---|
| ৯ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট অর্থায়নের সম্ভাব্য ক্ষেত্রসমূহ | নবপ্রবর্তিত প্রযুক্তি বাণিজ্যিকীকরণ/খামার যান্ত্রিকীকরণ/ফসল সংগ্রহোত্তর প্রযুক্তি/কৃষিজ ব্যবসা উন্নয়ন/ইত্যাদি (বিস্তারিত সংযুক্ত)। |
| ১০ | এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উপ-প্রস্তাব প্রণয়ন ও দাখিল | • যোগ্যতাসম্পন্ন উদ্যোক্তা কর্তৃক প্রকল্প নির্ধারিত ছকে এআইএফ-২ উপ-প্রকল্প প্রস্তাব প্রণয়ন করতে হবে।<br>• প্রস্তাবনার সমর্থনে সংশ্লিষ্ট সকল কাগজ-পত্রসহ প্রণীত উপ-প্রকল্প প্রস্তাবটি অত্র বিজ্ঞপ্তিতে প্রকাশিত সর্বশেষ সময়সীমার মধ্যে স্থানীয় উপজেলা কৃষি অফিসে দাখিল করতে হবে। |
| ১১ | উপ-প্রকল্প প্রণয়ন ছক/উদ্যোক্তার যোগ্যতার মান নির্ণায়ক/গাডলাইন/অন্যান্য প্রাপ্তিস্থান | সংশ্লিষ্ট এসএএও এর নিকট হতে সংগ্রহ করা যাবে, তাছাড়া স্থানীয় উপজেলা কৃষি অফিস/ফিয়াক থেকেও সংগ্রহ করা যেতে পারে। |
| ১২ | **এআইএফ-২ উপ-প্রকল্প দাখিলের সময়সীমা** | **উদ্যোক্তা কর্তৃক সংশ্লিষ্ট উপজেলা কৃষি অফিসে উপ-প্রকল্প দাখিলের সর্বশেষ তারিখ: ০৮ ডিসেম্বর ২০২১ খ্রি. অফিস চলাকালীন সময় পর্যন্ত।** |
| ১৩ | **প্রকল্প দপ্তরে উপ-প্রকল্প প্রস্তাব প্রেরণ** | **উপজেলা কৃষি অফিস কর্তৃক পিআইইউ, এনএটিপি-২, ডিএই, খামারবাড়ি, ঢাকায় উদ্যোক্তা কর্তৃক দাখিলকৃত উপ-প্রস্তাব প্রেরণের সর্বশেষ তারিখ: ০৭ জানুয়ারী ২০২২ খ্রি.।** |

**এতদ্ বিষয়ক বিস্তারিত তথ্যাদি স্থানীয় উপজেলা কৃষি অফিস হতে জানা/সংগ্রহ করা যাবে।**

সংযুক্তি: বিজ্ঞপ্তির ক্রমিক নং ০৯ এর বর্ণনামতে ১ (এক) পাতা।

২৪/১০/২০২১


**(আজহারুল ইসলাম সিদ্দিকী)**
**পরিচালক**
**মোবাইল: ০১৭১৮৯৬৫১৪৯**
**ইমেইল: directordaenatp2@gmail.com**


**কার্যার্থে:**
উপজেলা কৃষি কর্মকর্তা, ........................................... উপজেলা (২৭০), .................................. জেলা।

সংশ্লিষ্ট বিষয়ে বহুল প্রচারণাসহ কার্যক্রম ব্যবস্থা গ্রহণ, এআইএফ-২ ম্যাচিং গ্রান্ট উপ-প্রকল্প প্রস্তাবনা প্রণয়ন ও বাস্তবায়নের ক্ষেত্রে এসএএওদেরকে উদ্যোগী ভূমিকা পালনের নির্দেশনা প্রদান এবং সিআইজি দাখিলকৃত উপপ্রকল্প প্রস্তাবনাসমূহ প্রকল্প নির্ধারিত ছকে যথাযথভাবে যাচাইপূর্বক (প্রস্তাবনা দাখিলের ৩০ দিনের মধ্যে) সংশ্লিষ্ট সকল সাপোর্টিং ডকুমেন্টসহ আগামী **০৭ জানুয়ারী ২০২২ খ্রি.** তারিখের মধ্যে অত্র প্রকল্প দপ্তরে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত (জ্যেষ্ঠতার ক্রমাণুসারে নয়):</u>

১. অতিরিক্ত সচিব (পিপিসি), কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. মহাপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৩. প্রকল্প পরিচালক (অতিরিক্ত সচিব), পিএমইউ, এনএটিপি-২, বিএআরসি কমপ্লেক্স, ফার্মগেট, ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, হর্টেক্স ফাউন্ডেশন, সেচ ভবন, ২২ মানিক মিয়া এভিনিউ, শেরে বাংলা নগর, ঢাকা।
৫. পরিচালক, সরেজমিন উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৬. পরিচালক; পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা।
৭. অতিরিক্ত পরিচালক , কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, ........................................................অঞ্চল (১৪)।
৮. উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, .....................................................................জেলা (৫৭)।
৯. উপপরিচালক (আইসিটি); পরিকল্পনা, প্রকল্প বাস্তবায়ন ও আইসিটি উইং, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, খামারবাড়ি, ঢাকা। (ডিএই ওয়েবসাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নিমিত্ত)।
১০. এডি/ডিডি (ওএমই)/এডিডি (এফএমপি), পিআইইউ, এনএটিপি-২ (১ম সংশোধিত), ডিএই, খামারবাড়ি, ঢাকা (৬)।
১১. সহকারী আইসিটি বিশেষজ্ঞ, পিআইইউ, এনএটিপি-২, ডিএই, খামারবাড়ি, ঢাকা (এনএটিপি-২, ডিএই এর ওয়েব সাইটে প্রচারের নিমিত্ত)।
১২. অফিস কপি।